



বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

০৫ সেপ্টেম্বর ২০২৪

বিআরপিডি সার্কুলার লেটার নং-৪১

তারিখ: -----

২১ ভাদ্র ১৪৩১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

আমদানি ঋণপত্র স্থাপনের ক্ষেত্রে নগদ মার্জিন সংরক্ষণ প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে ০৪ জুলাই ২০২২ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং-২৫, ২২ ডিসেম্বর ২০২২ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং-৫৪ এবং ২০ জুন ২০২৩ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং-১৯ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

- ২। সূত্রোক্ত সার্কুলার লেটারসমূহের মাধ্যমে বৈশ্বিক অর্থনৈতিক অস্থিতিশীল পরিস্থিতির প্রেক্ষাপটে দেশের মুদ্রা ও ঋণ ব্যবস্থাপনা অধিকতর সুসংহত রাখার লক্ষ্যে আমদানি ঋণপত্র স্থাপনের ক্ষেত্রে নগদ মার্জিনের হার নির্ধারণ সংক্রান্ত নির্দেশনা প্রদান করা হয়।
- ৩। এক্ষেপে, দেশের বৈদেশিক মুদ্রা বিনিময় হার ও লেনদেনে কাজিত স্থিতিশীলতার ক্রমোন্নতি পরিলক্ষিত হওয়ার প্রেক্ষাপটে আমদানি বাণিজ্য সহজীকরণের মাধ্যমে দেশের ব্যবসায়-শিল্প-বাণিজ্যকে গতিশীল করা এবং অভ্যন্তরীণ বাজারে নিত্যপ্রয়োজনীয় ভোগ্যপণ্য সমূহের সরবরাহ নিশ্চিতকরণের লক্ষ্যে অনুচ্ছেদ নং-৪ এ উল্লিখিত পণ্যসমূহ ব্যতীত সকল পণ্যের আমদানি ঋণপত্র খোলার ক্ষেত্রে ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে নগদ মার্জিনের হার নির্ধারণের জন্য নির্দেশনা প্রদান করা হলো।
- ৪। নিম্নবর্ণিত বিলাসজাতীয় পণ্য এবং অভ্যন্তরীণভাবে উৎপাদিত আমদানি বিকল্প পণ্যসমূহের আমদানি ঋণপত্র স্থাপনের ক্ষেত্রে ১০০% নগদ মার্জিন সংরক্ষণ করতে হবে:

- | | |
|--|---|
| ১) মোটরকার (সেডানকার, SUV, MPV ইত্যাদি); | ৮) প্রসাধনী; |
| ২) ইলেকট্রিক্যাল এবং ইলেকট্রনিক্স হোম/অফিস অ্যাপ্লায়েন্স; | ৯) আসবাবপত্র ও সাজসজ্জা সামগ্রী; |
| ৩) স্বর্ণ ও স্বর্ণালঙ্কার; | ১০) ফল ও ফুল; |
| ৪) মূল্যবান ধাতু ও মুক্তা; | ১১) নন সিরিয়াল ফুড অর্থাৎ অ-শস্য খাদ্যপণ্য; |
| ৫) তৈরী পোশাক; | ১২) প্রক্রিয়াজাত খাদ্যদ্রব্য ও পানীয়: যেমন টিনজাত (Canned) খাদ্য, চকলেট, বিস্কুট, জুস, কফি, সফট ড্রিংকস্ ইত্যাদি; |
| ৬) চামড়াজাত পণ্য; | ১৩) অ্যালকোহল জাতীয় পানীয়; এবং |
| ৭) পাটজাত পণ্য; | ১৪) তামাক, তামাকজাত বা এর বিকল্প পণ্য। |

৫। এতদ্বারা, বিআরপিডি সার্কুলার লেটার নং-২৫/২০২২, বিআরপিডি সার্কুলার লেটার নং-৫৪/২০২২ এবং বিআরপিডি সার্কুলার লেটার নং-১৯/২০২৩ এর নির্দেশনা রহিত করা হলো। তবে রহিতকৃত সার্কুলার লেটারসমূহের নির্দেশনা মোতাবেক এ সার্কুলার লেটার জারি হওয়ার পূর্ব পর্যন্ত গৃহীত কার্যক্রম বৈধ বলে গণ্য হবে।

৬। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

৭। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ২৯ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ শাহরিয়ার সিদ্দিকী)

পরিচালক (বিআরপিডি)

ফোন: ৯৫৩০২৫২